**অনিয়ম, অপচয় ও জালিয়াতি রা োধে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার বিশেষ কার্যক্রম:**

জেনারেল ফাইনানসিয়াল রুলস্ এর বিধি-৯ অনুযায়ী সাধারণভাবে কোন কর্তৃপক্ষ নির্দিষ্ট বৎসরের অনুমা োদিত মঞ্জুরী এবং উপযা োজনে কোন ব্যয় অন্তর্ভুক্ত না থাকিলে এবং সরকার অথবা সরকার কর্তৃক এই মর্মে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের সাধারণ কিংবা বিশেষ নির্দেশাবলী দ্বারা ব্যয় মঞ্জুরীকৃত না হইলে কোন কর্তৃপক্ষ সরকারী তহবিল হইতে ব্যয় সাপেক্ষে কোন দায় গ্রহণ কিংবা ব্যয় নির্বাহ করিতে পারিবেন না।

# আর্থিক যথার্থতার মানদণ্ড

জেনারেল ফাইনানসিয়াল রুলস এর বিধি-১০ অনুযায়ী সরকারী তহবিল হইতে অর্থ ব্যয়ে কিংবা ব্যয়ের অনুমতি প্রদানে ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক কর্মকর্তা উক্ত আর্থিক যথার্থতার মানদণ্ড দ্বারা পরিচালিত হইবে। এই ক্ষেত্রে যে প্রকার নীতির উপর সাধারণভাবে যে গুরুত্ব আরা োপিত হয় তাহা নিম্নে বর্ণিত হইল :

(১) একজন দূরদর্শী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেইরূপ সতর্কতা অবলম্বন করে একজন সরকারী কর্মকর্তা তদ্রূপ সতর্কতা অবলম্বন করিবে।

(২) আপাতদৃষ্টিতে প্রয়া োজনের অতিরিক্ত অর্থ ব্যয় সমীচীন নহে।

(৩) ব্যয় মঞ্জুরীর আদেশ দানকালে প্রত্যক্ষ বা পরা োক্ষভাবে নিজের জন্য সুবিধাজনক হইবে এমন আদেশ দেওয়া কোন কর্তৃপক্ষের সমীচীন নহে।

(৪) নিরীক্ষা ও হিসাববিধি (৪) সরকারী অর্থ কোন ব্যক্তিবিশেষ বা সমাজের কোন একটি অংশবিশেষের সুবিধা প্রদানের জন্য ব্যবহৃত হওয়া সমীচীন নহে যদি না-

(i) জড়িত ব্যয়ের পরিমাণ নগণ্য প্রকৃতির হয়; অথবা

(ii) আদালতের আদেশবলে কোন দাবী হয়; অথবা

(iii) ব্যয় যদি স্বীকৃত রীতি ও নীতি অনুযায়ী হয়।

(৫) কোন বিশেষ প্রকৃতির ব্যয় নির্বাহের জন্য মঞ্জুরকৃত ভাতা এমনভাবে নিয়ন্ত্রিত হইতে হইবে যাহাতে ঐ ভাতা সঠিকভাবে প্রাপকের আয়ের উৎসে পর্যবসিত না হয়।